দৈনিক ইনকিলাব

তারি… 22 DEC 1988
পৃষ্ঠা … 4 কলাম … 1 …

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

050

# কুমিল্লা শিক্ষা বোর্ড ১১২২ জন পরীক্ষার্থীকে শাস্তি দিয়েছে

কুমিল্লা, ২১ ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।— কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ১৯৮৮ সালে মার্চ ও এপ্রিল মাসে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী ১১২২ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে বিভিন্ন মেয়াদে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছে।

বোর্ডের শৃংখলা বিধান কমিটির সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও নিয়ম শৃঙ্খলা লংঘনের দায়ে প্রাপ্ত অভিযোগ যথাযথভাবে প্রমাণিত হওয়ায় এ শাস্তি দেয়া হয়। এর মধ্যে ৬২৪ জনের পরীক্ষা বাতিল, ৩৮৮ জনকে ১৯৮৯ সালে পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত এবং ১০ জনের বিরুদ্ধে ১৯৯০ সালে পর্যন্ত অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত রাখার ব্যবস্থা রয়েছে। এ ব্যাপারে ইতোমধ্যে বোর্ডের তরফ থেকে নির্দেশ জারি করা হয়েছে।